গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা বিভাগ
প্রধানশিক্ষকের কার্যালয়

# খুলনা জিলা স্কুল

## খুলনা, বাংলাদেশ


Web: www.kzs.edu.bd, Email: zillaschool_khulna@yahoo.com

ফোন: ০২৪৭৭-৭২০৫৩৩
বিদ্যালয় কোড: ৩৫২৫
EIIN NO - 117135


# বিজ্ঞপ্তি

তারিখ: ০৯/০৮/২০২৬ খ্রি.

খুলনা জিলা স্কুলের প্রাতঃ ও দিবা বিভাগের তৃতীয় থেকে দশম শ্রেণির সকল ছাত্রকে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদে মিলাদুন্নবি (সঃ)-২০২৬ সাড়ম্বরে এ বিদ্যালয়ে উদযাপন করা হবে। এ উপলক্ষে আগামী ১১/০৮/২০২৬ খ্রি. মঙ্গলবার ও ১৬/০৮/২০২৬ খ্রি. রবিবার প্রতিটি শ্রেণিকক্ষে শ্রেণিভিত্তিক ক্বিরাত, হামদ/না'ত প্রতিযোগিতার বাছাইপর্ব অনুষ্ঠিত হবে। আগ্রহী সকল ছাত্রকে বাছাইপর্বে অংশগ্রহণের জন্য বিশেষভাবে বলা হলো।

প্রত্যেক শ্রেণির 'ক' শাখা থেকে ০৩ জন এবং 'খ' শাখা থেকে ০৩ জন মোট ০৬ জন বাছাইকৃত শিক্ষার্থীদের মধ্যে ১৮/০৮/২০২৬ খ্রি. মঙ্গলবার প্রাতঃ বিভাগ সকাল ১০:০০টা থেকে এবং দিবা বিভাগ দুপুর ১২:০০টা থেকে চূড়ান্ত প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারিত হবে।

## ক্বিরাত প্রতিযোগিতা

কুরআন মাজিদের যে কোনো ছোট সূরা অথবা বড় সূরার অংশবিশেষ তিলাওয়াত করতে হবে।

## হামদ/না'ত প্রতিযোগিতা

হামদ: আল্লাহর প্রশংসামূলক যে কোন ইসলামী সংগীত।

না'ত: রসুল (সা.) এর প্রশংসামূলক যে কোন ইসলামী সংগীত।

উল্লেখ্য যে, রচনা প্রতিযোগিতা আগামী ১৭/০৮/২০২৬ খ্রি. সোমবার প্রাতঃ বিভাগ সকাল ১১:০০টায় ও দিবা বিভাগ দুপুর ০১:০০ টায় বিদ্যালয়-মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সেহেতু সকল অংশগ্রহণেচ্ছু ছাত্রদের অংশগ্রহণ করতে বিশেষভাবে বলা হলো।

## শ্রেণি ভিত্তিক রচনা প্রতিযোগিতার বিষয়

| গ্রুপ | শ্রেণি | রচনার বিষয় |
|---|---|---|
| ক | ৩য় ও ৪র্থ (প্রাতঃ ও দিবা) | মহানবী (সঃ) এর বাল্যকাল |
| খ | ৫ম ও ৬ষ্ঠ (প্রাতঃ ও দিবা) | মহানবী (সঃ) এর কিশোর কাল |
| গ | ৭ম ও ৮ম (প্রাতঃ ও দিবা) | চরিত্র গঠনে মহানবী (সঃ) |
| ঘ | ৯ম ও ১০ম (প্রাতঃ ও দিবা) | আদর্শ সমাজ গঠনে মহানবী (সঃ) |

০৯/০৮/২০২৬

(মোহাম্মদ ফারুকুল ইসলাম)
প্রধানশিক্ষক
খুলনা জিলা স্কুল, খুলনা।